১৪ দৈনিক বাংলা

তারিখ ... 28 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# সব হল সার্চ করে ৪টি পাইপগান উদ্ধার : ৪ জন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

রোববার পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলি তল্লাশী চালিয়ে চারটি পাইপগান ও চারটি শটগানের গুলিসহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করেছে। পুলিশ একই সঙ্গে বিশ্ববিদ্যালয় এলাকা থেকে চারজনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতদের মধ্যে দুইজন ছাত্র এবং দুইজন বহিরাগত। বিকাল ৫টা থেকে রাত সাড়ে ৯টা পর্যন্ত ঢাকা মহানগর পুলিশ বিডিআর, আনসার ও ব্যাটলিয়ন পুলিশের সহায়তায় এই অভিযান চালায়। বিশ্ববিদ্যালয়ের ১৩টি হলের সব কটিতে সম্মিলিতভাবে অভিযান চালান হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মিলিতভাবে পুলিশ অভিযান সাম্প্রতি-

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## ৪ জন গ্রেফতার

(প্রথম পৃঃ পর)

ককালে আর হয়নি। ঢাকা মহানগর মহিলা পুলিশ দুটি ছাত্রী হলে অভিযানচালায়।

পুলিশের একজন কর্মকর্তা জানান, জগন্নাথ হলের চত্বর থেকে চারটি পাইপগান ও চারটি শটগানের গুলি পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। অন্যান্য যেসব জিনিস উদ্ধার করা হয় তারমধ্যে রয়েছে চারটি চারজার, চারটি হেকসো প্লেট, দুইটি ব্যাগ ঘাস ও আর্মস পরিষ্কার করার একটি যন্ত্র। এসব সরঞ্জাম বিভিন্ন হল থেকে উদ্ধার করা হয়েছে।

পুলিশ এই অভিযানের সময় যে চারজনকে গ্রেফতার করেছে তারা হলো. মোহাম্মদ সালাউদ্দীন তালুকদার দর্শন শাস্ত্রের এম এ বিসিএস পরীক্ষার্থী। তাকে সূর্যসেন হল থেকে গ্রেফতার করা হয়। (২) মোজহারুল কবীর এম কম (ব্যবস্থাপনা) শেষ পর্বের ছাত্র। তাকে হাজী মুহসিন হল থেকে গ্রেফতার করা হয়। তাছাড়া সলিমুল্লাহ হল থেকে দুজন বহিরাগতকে গ্রেফতার করা হয়। তারা হলো, শেখ মোহাম্মদ রাজব ও লিঙ্কন। এরা নারায়ণগঞ্জের অধিবাসী। পুলিশ জানায়, সন্দেহজনক গতিবিধির অভিযোগে এদের সবাইকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

রাত সাড়ে ১১টার এই রিপোর্ট লেখা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় থমথমে ভাব বিরাজ করছিল। এলাকায় পুলিশ ও বিডিআর মোতায়েনরয়েছে।

**বুয়েটের একটি হলে তল্লাশী**

দৈনিক বাংলার বুয়েট সংবাদদাতা টেলিফোনে জানান, গতরাতে পুলিশ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সোহ্‌রাওয়ার্দী হলে তল্লাশী চালায়। তবে এই তল্লাশী অভিযানকালে পুলিশ কোন অস্ত্র পায়নি বা কাউকে গ্রেফতার করেনি।